দৈনিক ইত্তেফাক
MAY 24 2002
তারিখ ... পৃষ্ঠা ১-৬ কলাম ... ৪

# সন্দ্বীপে নকলের হাট ॥ দেহ তল্লাশী ॥ বহিষ্কার

সন্দ্বীপ ও হাতিয়া থেকে ফিরে রেজানুর রহমান ॥ পরীক্ষায় অবাধ নকলের আরও একটি হাট আবিষ্কার হয়েছে। শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন স্বয়ং হেলিকপ্টারে উড়ে গিয়ে সাগর দ্বীপ সন্দ্বীপে নকলের এই হাট আবিষ্কার করেছেন। এবি কলেজ নামের এই পরীক্ষা কেন্দ্রের চারপাশে গতকাল মোতায়েন করা হয়েছিল বিপুলসংখ্যক পুলিশ। পরীক্ষা শুরুর পূর্বে কেন্দ্রের মূল গেটে পরীক্ষার্থীদের দেহ তল্লাশী করা হয়েছে। এর পরও নকলের মহোৎসব প্রত্যক্ষ করা গেল। শিক্ষা প্রতিমন্ত্রী পরীক্ষা কেন্দ্র পরিদর্শনে আসবেন সন্দ্বীপে এই খবর জানাজানি হওয়ার পরও পরীক্ষার্থীদের অনেকের মধ্যে ছিল 'ডেমকেয়ার ভাব'। প্রতিমন্ত্রী মাত্র ১০ মিনিটের ব্যবধানে এই পরীক্ষা কেন্দ্র থেকে ৩০ জন পরীক্ষার্থীকে প্রকাশ্যে নকল করার দায়ে

(১৫শ পৃষ্ঠায় ৮-এর কঃ দ্রঃ)

## সন্দ্বীপে নকলের হাট

(শেষ পৃষ্ঠার পর)

বহিষ্কার করলেন। গাজীপুরের কাপাসিয়ার মত এই কেন্দ্রেও ছেলেদের কোমরের বেল্টের নীচে, মোজা, জাঙ্গিয়ার ভেতর, মেয়েদের শরীরের স্পর্শকাতর স্থান থেকে নকল উদ্ধার করলেন কর্তব্যরত শিক্ষক-শিক্ষিকা। শিক্ষা প্রতিমন্ত্রী কেন্দ্রে পৌঁছার সাথে সাথে শিক্ষক-কর্মকর্তাদের মধ্যে যারা বলেছিলেন–স্যার তেমন অসুবিধা নেই। সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। তারাই মন্ত্রীকে একের পর এক নকল ধরতে দেখে মুহূর্তে ভোল পাল্টে ফেললেন। পরীক্ষার্থীদের উদ্দেশ্যে অকথ্য ভাষায় গালাগাল করতে করতে তারাও নকল ধরার প্রতিযোগিতায় মেতে উঠলেন। মন্ত্রীর ২ মিনিটের সাধারণ ক্ষমা ঘোষণার প্রেক্ষিতে উদ্ধার হল এক বস্তা নকল। সাধারণ ক্ষমা উপেক্ষা করেও যারা নকল করছিলো তারাই বহিষ্কার হলো। শিক্ষা প্রতিমন্ত্রী ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করে বললেন–মন্ত্রীকে নকল ধরতে আসতে হবে এটা দুঃখজনক। আগামীতে সন্দ্বীপের এই পরীক্ষা কেন্দ্র থাকবে না। পরীক্ষা কেন্দ্র বাতিল করা হবে।

জানা গেল, সাগরপাড় ঘেঁষে দন্ডায়মান এই পরীক্ষা কেন্দ্রে ৩টি কলেজের মোট ৯২২ জন পরীক্ষার্থী পরীক্ষা দিচ্ছে। গতকাল অর্থনীতি, বাণিজ্যনীতি, ব্যবসায় নীতি ও প্রয়োগ বিষয়ের পরীক্ষায় প্রকাশ্যে নকল করার দায়ে মাত্র ১০ মিনিটের ব্যবধানে বহিষ্কার হয়েছে ৩০ জন। অথচ ইংরেজী প্রথম, দ্বিতীয় পত্রের পরীক্ষা চলাকালে বহিষ্কার হয়েছে মাত্র ৯ জন। নাম প্রকাশে অনিচ্ছুক একজন প্রশাসনিক কর্মকর্তা জানালেন–সন্দ্বীপে প্রকাশ্যে নকল করে পরীক্ষা দেয়া যায় বলে দেশের বিভিন্ন স্থান থেকে ছাত্র-ছাত্রীরা এখানে এসে পরীক্ষা দেয়। তিনি বললেন, মন্ত্রী এসেছেন বলেই নকলবাজদের বহিষ্কার করা গেল। আমরা প্রশাসনিক কর্মকর্তা অথবা শিক্ষক-শিক্ষিকাদের কেউ এভাবে নকল ধরলে দেখতেন এতক্ষণে জ্বালাও, পোড়াও শুরু হয়ে যেত। সন্দ্বীপের টিএনও বিশ্বনাথ বণিক 'নিরূপায়' ভঙ্গিতে বললেন, নকল প্রতিরোধের ক্ষেত্রে আমাদের সাধ্যের মধ্যে যতটুকু পারা যায় ততটুকুই করছি। নাম প্রকাশে অনিচ্ছুক অপর একজন কর্মকর্তা ফিসফিসারে বললেন, এলাকার মাননীয় সংসদ সদস্যের ছেলে হলেন এবি কলেজের ছাত্র সংসদের ভিপি। এরপরও এখানে পরীক্ষায় কেন নকল হয় একটু ভাবুন, বুঝতে পারবেন।

### হাতিয়ায় অন্যচিত্র

সন্দ্বীপের অপর পাড়েই যার এক সাগর দ্বীপ হাতিয়া। ইংরেজী পরীক্ষার দিন এখানে একটি পরীক্ষা কেন্দ্রে কর্তব্যরত উপজেলা ম্যাজিস্ট্রেট রেজাউল করিম লাঞ্ছিত হয়েছিলেন বলে পত্রিকায় খবর বেরিয়েছে। হাতিয়ায় দেখা হল রেজাউল করিমের সাথে। তাঁর মন্তব্য, আমাকে কেউ লাঞ্ছিত করেনি। তবে একজন পরীক্ষার্থীকে নকলের দায়ে বহিষ্কার করার পর একদল ছাত্র গাড়ীর উপর হামলা চালায়। এতে গাড়ীর সামনের কাঁচ ভেঙ্গে গেছে। গতকাল হাতিয়ায় পৌঁছে শিক্ষা প্রতিমন্ত্রী হাতিয়া ডিগ্রী কলেজ পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। পরীক্ষা কেন্দ্রের পরিবেশ দেখে তিনি সন্তোষ প্রকাশ করেন। হাতিয়ার এমপি মোহাম্মদ আলী [illegible] এই এলাকায় সম্পূর্ণ [illegible]